যুগান্তর

তারিখ 28 NOV 2006

# প্রফেসর হাসানুজ্জামান বরিশাল শিক্ষা বোর্ডের নতুন চেয়ারম্যান

বরিশাল ব্যুরো

প্রায় ২ মাস শূন্য থাকার পর বরিশাল শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ করা হয়েছে। গত রোববার শিক্ষা মন্ত্রণালয়ে এ সংক্রান্ত একটি ফাইল অনুমোদন হয়। জাতীয় পাঠ্য পুস্তক প্রণয়ন বোর্ডের (এনসিটিবি) সদস্য প্রফেসর হাসানুজ্জামানকে এ পদে নিয়োগ দেয়া হয়েছে বলে শিক্ষা বোর্ডের একাধিক সূত্র নিশ্চিত করেছে।

নিয়োগের মাত্র ৭ মাসের মাথায় ৪ অক্টোবর বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ মহিউদ্দিনকে ন্যাশনাল একাডেমি ফর এডুকেশন এডমিনিস্ট্রেশনের জেনারেল ডিরেক্টর পদে বদলি করা হয়। তারপর থেকে বোর্ডের সচিব প্রফেসর শফিকুর রহমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করে আসছেন। গত রোববার প্রফেসর হাসানুজ্জামানকে বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান নিয়োগ করেন শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা। ২/১ দিনের মধ্যে তিনি এখানে কাজে যোগ দেবেন বলে জানা গেছে। ঢাকায় অবস্থানরত ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর শফিকুর রহমান মোবাইল ফোনে জানান তিনিও এরকম খবর শুনেছেন। তবে এখন পর্যন্ত কোন কাগজপত্র হাতে পাননি।